কুষ্টিয়ায় বিপুল পরিমাণ মাদক সহ ব্যবসায়ী আটক

কুষ্টিয়ায় র্যাবের বিশেষ অভিযানে মাদকের বড় চালান ১৪৪৫ বোতল ফেনসিডিল ও সাড়ে ১২ কেজি গাঁজা সহ উজ্জল আলী (৩৫) নামের এক চিহ্নিত শীর্ষ মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের কোম্পানী কমান্ডার স্কোয়াড্রন লীডার মোহাম্মদ ইলিয়াস খানের নেতৃত্বে এই অভিযান পরিচালনা করা হয়।

র্যাব সুত্রে জানা যায়, গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার সময় র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের কোম্পানী কমান্ডার স্কোয়াড্রন লীডার মোহাম্মদ ইলিয়াস খানের নেতৃত্বে র্যাবের একটি চৌকস অভিযানিক দল মাদকের একটি বড় চালান পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া দৌলতপুর থানাধীন কল্যানপুর এলাকায় একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ১৪৪৫ বোতল ভারতীয় আমদানি নিষিদ্ধ ফেনসিডিল এবং সাড়ে ১২ কেজি গাঁজা সহ চিহ্নিত শীর্ষ মাদক ব্যবসায়ী উজ্জল আলী (৩৫) কে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী দৌলতপুর সাহাপুর এলাকার আব্দুস সাত্তারের ছেলে। একাধিক সুত্রে জানা যায়, গত ১ বছরের মধ্যে র্যাব-১২ ফেনসিডিলের এত বড় চালান গ্রেফতার করতে পারেনি এবং র্যাবের কুষ্টিয়া ক্যাম্পের এটাই ফেনসিডিলের সবচেয়ে বড় চালান ও সেরা অভিযান।

র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের কোম্পানী কমান্ডার স্কোয়াড্রন লীডার মোহাম্মদ ইলিয়াস খানের সঠিক নেতৃত্বের কারনেই বড় বড় মাদক ব্যাবসায়ী, অস্ত্র ব্যবসায়ী, সন্ত্রাসী, ও প্রতারক চক্ররা প্রতিনিয়ত গ্রেফতার হচ্ছে এবং র্যাবের উপর সাধারন জনগন আস্তা অর্জন করছে বলেও জানা গেছে।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে কুষ্টিয়া জেলার দৌলতপুর থানায় মাদক আইনে একটি মামলা দায়ের করা হয়েছে এবং উদ্ধারকৃত আলামতসহ আসামীকে দৌলতপুর থানায় সোপর্দ করা হয়েছে।

এ বিষয়ে র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের কোম্পানী কমান্ডার

স্কোয়ান্ড্রন লিডার মোহাম্মদ ইলিয়াস খান জানান, র্যাব প্রতিষ্ঠা লগ্ন থেকেই মাদক,সন্ত্রাসী,অস্ত্র ব্যবসায়ীদের বিরুদ্ধে প্রতিনিয়ত অভিযান করে যাচ্ছে। অপরাধী যতবড় শক্তিশালীই হোক না কেনো তাদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনা হবে।

মুজিবনগরে চুরিকৃত ছাগল সহ ২ জন চোর আটক

মুজিবনগরে ছাগলসহ দুজন ছাগল চোরকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

বৃহস্পতিবার মধ্যে রাতে ভবরপাড়া গ্রামের আকালি দফাদার ও একই গ্রামের প্রভাত মন্ডলের বাড়ি থেকে ছাগল চুরি করে দুপুরের দিকে বিক্রির উদ্যেশে নিয়ে যাবার সময় আনন্দবাস-বাগোয়ান তিন রাস্তার মোড়ে পাকড় গাছের কাছে থেকে তাদের আটক করে স্থানীয় জনতা।

পরে পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে যেয়ে ২টি ছাগলসহ চোর দুজনকে থানা হেফাজতে নিয়ে আসে। থানায় নিয়ে এসে জিজ্ঞাসাবাদ করা হলে চোর দুজন তাদের ছাগল চুরির সত্যতা স্বীকার করেন।

আটককৃতরা হলেন, মুজিবনগর উপজেলার সোনাপুর উত্তরপাড়ার আরজ আলীর ছেলে সুইট আলী (২৬) ও ভবরপাড়া গ্রামের মুজিবনগর কমপ্লেক্স গেট পাড়ার সাইদ শেখের ছেলে রুবেল শেখ (২২)। আটকের পর আকালি দফাদার বাদী হয়ে মুজিবনগর থানায় তাদের দুজনের নামে একটি মামলা দায়ের করেন।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল জানান, বৃহস্পতিবার দুপরে আনন্দবাসের কিছু জনগন দুজন চোরকে আটক করেছে এমন সংবাদ শুনে পুলিশ সেখানে উপস্থিত হয়ে তাদের থানা হেফাজতে নিয়ে আসে।

থানায় এসে তাদের জিজ্ঞাসাবাদ করলে ১ নং আসামী সুইট আলী চুরি ঘটনার সত্যতা স্বীকার করেন। এদিকে ছাগল মালিক আকালি দফাদার বাদী হয়ে তাদের নামে থানায় মামলা দায়ের করে।

[redacted]

[redacted]

[redacted]

[

মেহেরপুরে পুলিশের অভিযানে ফেনসিডিলসহ টনিক আটক

৪ বোতল ফেনসিডিলসহ টনিক হোসেন নামের এক ব্যক্তিকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

টনিক মেহেরপুর সদর উপজেলার খোকশা গ্রামের আব্দুস সহিদের ছেলে।

গোপন সংবাদের ভিত্তিত্বে শনিবার (৬ আগষ্ট) দিবাগত মধ্যরাতে টনিকের বাড়িতে সদর থানা পুলিশের একটি ইউনিট অভিযান চালিয়ে ৪ বোতল ফেনসিডিলসহ তাকে আটক করেন।

সদর থানার উপপরিদর্শক (এসআই) সঞ্জীব পালের নেতৃত্বে এএসআই শাকিলসহ সঙ্গীয় ফোর্স এ অভিযান পরিচালনা করেন।

এসআই সঞ্জীব পাল জানান এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে থানায় একটি মামলা হয়েছে। আটক টনিককে আজ রবিবার (৭ আগষ্ট) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ১৬০ বোতল ফেনসিডিলসহ নারী মাদক ব্যবসায়ী আটক

মাদক রিরোধী অভিযান চালিয়ে ১৬০ বোতল ফেনসিডিলসহ হাদিছা খাতুন নামের এক নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ। হাদিছা খাতুন মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের স্কুল পাড়া এলাকার আব্দুল মালেকের স্ত্রী।

শনিবার দিবাগত মধ্যরাতে মেহেরপুর সদর থানা পুলিশের একটি ইউনিট তার বাড়িতে অভিযান চালিয়ে এই ফেনসিডিলসহ তাকে আটক করেন।

এ সময় তার ঘর থেকে ১৬০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

সদর থানার উপপরিদর্শক (এসআই) অরুক কুমার, সঞ্জিব কুমার, এএসআই মাহাবুব, এএসআই ইব্রাহিম, আশরাফুল ইসলামসহ সঙ্গীয় ফোর্স অভিযানে অংশ নেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেজবাহ উদ্দীন আহম্মেদ জানান, আব্দুল মালেকের বাড়িতে ফেনসিডিল মজুদ করা হয়েছে এমন সংবাদের ভিত্তিত্বে ওই বাড়িটিতে অভিযান চালানো হয়। অভিযানে ১৬০ বোতল ফেনসিডিল জব্দ করা হয়েছে। এই সাথে আটক করা হয়েছে হাদিছা খাতুনকে।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় হাদিছা খাতুনের নামে পুলিশ বাদী হয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দিয়েছে।

আজ শনিবার (৬ আগষ্ট) বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে মোটরসাইকেল চুরির সময় চোর আটক

মুজিবনগরের মোনাখালি গ্রামের মনিরুল ইসলামের এপাচি আরটিআর মোটরসাইকেল চুরি করার সময় হাতেনাতে সাগর আহমেদ মিলু (২৮) নামের এক চোরকে আটক করা হয়েছে।

বুধবার বিকেলে মোনাখালী ইউনিয়নের মোনাখালী গ্রামের চারা তলার মাঠ থেকে তাকে আটক করা হয়। আটককৃত চোর সাগর আহমেদ (মিলু) চুয়াডাঙ্গা জেলার দামুড়াহুদা থানার ইব্রাহিমপুর গ্রামের আজিজুল হকের ছেলে। বর্তমানে মিলু দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গার ভূমিহীন পাড়ায় বসবাস করে।

মটরসাইকেল মালিক মোনাখালি গ্রামের খেদের আলির ছেলে মনিরুল ইসলাম জনান, তিনি বুধবার বিকেলে গ্রামের চারা তলার মাঠে নিজের লিচু বাগানে মোটরসাইকেল রেখে পাশের জমিতে কাজ করছিলেন। কাজ শেষে এসে দেখেন মোটরসাইকেল নেই তিনি মটরসাইকেল টি খুজতে খুজতে রাস্তায়

উঠে দেখতে পান একটি লোক তার গাড়ি ঠেলতে ঠেলতে আশরাফপুরের দিকে যাচ্ছে। এ সময় তিনি দৌড়ে তাকে থামতে বলে।

এ সময় গাড়ি চোর গাড়ি ফেলে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে আমার চিৎকারে আশেপাশের লোকজন তাকে ধরে ফেলে। পরে মুজিবনগর থানায় খবর দিলে পুলিশ এসে তাকে আটক করে মুজিবনগর থানায় নিয়ে যায়।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি)মেহেদী রাসেল বিষয়টি নিশ্চিত করে বলেন, মোটরসাইকেল চুরির সময় আটককৃত চোর কে পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে এবং তার বিরুদ্ধে চুরির মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হবে।

দর্শনায় প্রেস স্ট্রিকার লাগানো মাইক্রোবাস থেকে ২২৮ বোতল ফেনসিডিলসহ দুজন আটক

দর্শনায় প্রেস স্ট্রিকার লাগানো মাইক্রোবাসে তল্লাশী অভিযান চালিয়ে ২২৮ বোতল ফেনসিডিলসহ দুজনকে আটক করেছেন দর্শনা থানা পুলিশ।

আটকরা হলেন চুয়াডাঙ্গার দর্শনা উপজেলার দক্ষিণ চাঁদপুর বাসস্যান্ডপাড়া এলাকার আব্দুল মালেক মন্ডলের ছেলে আবু সাঈদ (৩৮) ও মহাম্মদপুর গ্রামের নুরুল ইসলামের ছেলে আরিফুল ইসলাম (২৮)।

বৃহস্পতিবার (৭ জুলাই)ভোর সাড়ে ৫ টার দিকে দর্শনা পৌরসভার হিজলগাড়ি সড়কের দোয়েল ইটভাটার সামনে এ অভিযান চালান পুলিশ।

দর্শনা থানার এসআই(নিঃ) সুমন্ত বিশ্বাস, এএসআই(নিঃ) মোঃ আবু বক্কর সিদ্দিক ও সঙ্গীয় ফোর্সসহ অভিযানে অংশ নেন।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, দর্শনার আলোচিত কন্ঠ’র প্রেস ষ্টিকার লাগানো মাইক্রোবাসে করে ওই দুই ফেনসিডিল নিয়ে যাচ্ছিল। গোপন সংবাদে পুলিশের একটি টীম

মাইক্রোবাসটিতে তল্লাশী অভিযান চালান।এসময় ওই মাইক্রোবাসের মধ্যে সীটের নিচ থেকে ২২৮ বোতল ফেনসিডিল উদ্ধার হয়।এসময় ওই দুই মাদক ব্যবসায়ীকে আটক ও মাইক্রোবাসটি জব্দ করা হয়।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্পের পৃথক অভিযানে ৪০৩ বোতল ফেনসিডিলসহ ২ জন আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) ঝিনাইদহ ক্যাম্পের পৃথক দুটি দল অভিযান চালিয়ে ৪০৩ বোতল ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আটকরা হলেন, চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার মাধবখালি গ্রামের আব্দুস সাত্তারের ছেলে শাহাজান খান ও একই উপজেলার সীমান্তবর্তি গোয়ালপাড়া গ্রামের শফিকুল ইসলামের ছেলে মাদক কারবারী মাসুম হোসেনকে (২৬)।

র্যাব-৬ ঝিনাইদহের ক্যাম্পের কমান্ডার মেজর মোহাম্মদ শরীফ আহসানের নেতৃত্বে আজ সোমবার (৪জুলাই) ভোররাত সাড়ে ৫ টা ২০ মিনিটের দিকে জীবনের পৌরসভা এলাকায় অভিযানে শাজাহান খানকে আটক করেন। এসময় তার কাছ থেকে ২৯৫ বোতল একটি মোবাইল ফোন জব্দ করেন। এঘটনায় জীবননগর থানায় মামলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দিয়ে আসামীকে হস্তান্তর করা হয়েছে।

এছাড়া রবিবার দিবাগত (৩ জুলাই) রাত সাড়ে ১১ টার দিকে জীবননগর উপজেলা শহরে বেশ কিছু মাদক ক্রয়ের জন্য ক্রেতা বিক্রেতা অবস্থান করছেন এমন সংবাদের ভিত্তিতে র্যাবের একটি ইউনিট সেখানে অভিযান চালান। অভিযানে অন্যানরা পালিয়ে গেলেও জীবননগর উপজেলার শফিকুল ইসলামের ছেলে মাদক কারবারী মাসুম হোসেনকে (২৬) আটক করে র্যাবের

দলটি। এসময় তার কাছ থেকে ১০৮ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। এছাড়া একটি মোবাইল ফোন জব্দ করা হয়ছে।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে জীবননগর থানায় একটি নিয়মিত মামলা দিয়ে আসামীকে হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগর থানা পুলিশের অভিযানে ৭ গ্রাম হেরোইনসহ ২ জন আটক

পৃথক দুটি অভিযান চালিয়ে ৭ গ্রাম হেরোইনসহ দুই ব্যক্তিকে আটক করেছেন মুজিবনগর থানা পুলিশ।

এরা হলেন, মুজিবনগর উপজেলার মোনাখালি গ্রামের জাকিরুল ইসলাম ওরফে জাকিরের ছেলে নাহিদ হোসেন (২৬) ও একই উপজেলার আনন্দবাস গ্রামের খোদা বকসের ছেলে স্টেু বিশ্বাস (৪৭)।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, রবিবার সন্ধ্যার দিকে মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) উত্তম কুমারের নেতৃত্বে পুলিশের একটি ইউনিট আনন্দবাস গ্রামে অভিযান চালিয়ে ৩ গ্রাম হেরোইনসহ সেন্টু বিশ্বাসকে আটক করেন। এছাড়া মুজিবনগর থানার এসআই ইসরাফির হোসেনের নেতৃত্বে অপর একটি অভিযানে মোনাখালি গ্রামের জাকিরুল ইসলাম ওরফে জাকিরের ছেলে নাহিদ হোসেনকে ৪ গ্রাম হেরোইনসহ আটক করেন।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারণীর ৮(ক) ধারায় পৃথক দুটি নিয়মিত মামলা দিয়ে আজ সোমবার (৪ জুলাই) আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের অভিযানে বিভিন্ন মামলায় ৮ জন গ্রেফতার হয়েছেন। এদের মধ্যে নিয়মিত মামলায় ৪ জন, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৩ ও সিআর মামলায় ১ জন আসামী।

আটকদের মধ্যে মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে জিআর মামলায় ৩ জন ও সিআর মামলায় ১ জনকে গ্রেফতার করেছেন। এছাড়া মেহেরপুর সদর থানা পুলিশ ২ জন ও গাংনী থানা পুলিশ ১ জনকে গ্রেফতার করেছেন।

শুক্রবার (২৪ জুন) দিবাগত রাতভর আজ শনিবার ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামীদের গ্রেফতার করা হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত ওসি জুলফিকার আলী ও মুজিবনগর থানার ওসি রাসেল মেহেদী গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

এছাড়া গত ২৪ ঘন্টায় মেহেরপুরের তিনটি থানায় মাদক মামলাসহ ৪ টি মামলা এফআইআর ভূক্ত করা হয়েছে।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেছেন।

আজ শনিবার (২৫ জুন) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।